**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিপুরার উন্নয়নের গতি আরও বাড়ানোর আশ্বাস দিয়েছেন।**

**(২) কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী দুর্গাদাস উইকি প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশ'কে "বিকশিত ভারত" হিসাবে গড়ে তুলতে সবার সহযোগিতা আহ্বান করেছেন ।**

**(৩) মুখ্যসচিব জে. কে সিনহা বলেছেন, রাজ্য প্রশাসনের বিভিন্ন ক্ষেত্রে ডিজিটাইজেশন করার ফলে সরকারি কাজকর্মে স্বচ্ছতা আরও বৃদ্ধি পেয়েছে।**

**(৪) ২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য রাজ্যের ২১টি সরকারি ডিগ্রি কলেজে অনলাইনে স্নাতক স্তরের ভর্তি প্রক্রিয়া আজ থেকে শুরু ।**

*************************************************************

**CM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্প্রতি নয়াদিল্লিতে রাজ্যের মুখ্যমন্ত্রীকে ত্রিপুরার উন্নয়নের গতি আরও বাড়ানোর আশ্বাস দিয়েছেন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় সংবাদ মাধ্যমকে একথা জানিয়েছেন। তিনি জানান, আগামী ৫ জুন রাজ্য সফরে আসতে পারেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। সীমান্ত এলাকার পরিস্থিতি খতিয়ে দেখতে তিনি বিভিন্ন সীমান্ত অঞ্চলও পরিদর্শন করবেন। মুখ্যমন্ত্রী আরও জানান, সম্প্রতি নয়াদিল্লিতে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে রাজ্যের উন্নয়ন সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। এর মধ্যে ছিল জাতীয় সড়ক সম্প্রসারণ, ডাবল

লাইন রেলপথ, বন্দে ভারত ট্রেন চালু, ক্রীড়া ও পর্যটন পরিকাঠামোর উন্নয়ন এবং কর্মসংস্থান বৃদ্ধির বিষয়।

****************************

**Union Minister -KAILASHAHAR:**

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক রাষ্ট্রমন্ত্রী দুর্গাদাস উইকি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ২০৪৭ সালের মধ্যে দেশ'কে "বিকশিত ভারত" হিসাবে গড়ে তুলতে সবার সহযোগিতা আহ্বান করেছেন| তিনি আজ সকালে কৈলাশহরে বিজেপি’র শ্রীরামপুরস্থিত দলীয় কার্যালয়ে এক সাংগঠনিক বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে এ আহ্বান জানান|

বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী উইকে ঊনকোটি জেলায় বিজেপি দলের পরিক্রমার বিভিন্ন দিক এবং কেন্দ্র ও রাজ্য সরকারের জনমুখী কর্মধারার সুযোগ-সুবিধা সমাজের অন্তিম ব্যক্তির কাছে পৌঁছানো ইত্যাদি বিষয়ে আলোচনা ও মতবিনিময় করেন।

উপস্থিত ছিলেন, বিজেপি'র জনজাতি মোর্চার প্রদেশ সহ-সভাপতি মঙ্গল দেববর্মা, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি,BJP"র ঊনকোটি জেলা সভাপতি বিমল কর প্রমুখ। এখানে দলের জেলা ও মন্ডল কমিটির পদাধিকারী, পুরপরিষদের জনপ্রতিনিধি এবং ত্রি-স্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিরাও অংশ নেন।

****************************

**NO TOBACCO DAY:**

বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পুণ্য সলিলা শ্রীবাস্তব আজ নতুন দিল্লিতে 'তামাকমুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান' অ্যাপ্লিকেশনের পাইলট সংস্করণের সূচনা করেছেন। এই ডিজিটাল অ্যাপ্লিকেশনটির উদ্দেশ্য হলো

দেশের স্কুল এবং কলেজগুলিতে তামাকমুক্ত নীতিমালার বাস্তবায়ন ও নজরদারি আরও জোরদার করা। অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় শ্রীমতি শ্রীবাস্তব বলেন যে, এই বছরের বিশ্ব তামাকমুক্ত দিবসের মূল ভাবনা হল- "আকর্ষণ উন্মোচন: নিকোটিন এবং তামাকের আসক্তি প্রতিরোধ", যা যুবসমাজকে তামাক ও নিকোটিন আসক্তির ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করার জন্য অত্যন্ত প্রাসঙ্গিক।

***************************

**Ratan Lal Nath:**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ দিল্লির এন.এ.এস.সি কমপ্লেক্সে খারিফ মরশুম ২০২৬ শীর্ষক দু'দিনের জাতীয় কৃষি সম্মেলনে আজ দ্বিতীয় দিনের অধিবেশনে বলেন, কৃষকদের কল্যাণ ও ক্ষমতায়নের লক্ষ্যে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। কৃষকদের স্বার্থরক্ষা এবং উন্নত কৃষি পরিকাঠামো গড়ে তুলতে রাজ্য সরকার একাধিক পরিকল্পনা গ্রহণ করেছে। আগামী খরিফ মরশুমে কৃষকদের আরও বেশি সুবিধা পৌঁছে দিতে আধুনিক পদ্ধতি ও সরকারি সহায়তা কার্যকরভাবে বাস্তবায়নের উপর জোর দেওয়া হচ্ছে। কৃষিক্ষেত্রকে আরও শক্তিশালী করে তুলতে শ্রী নাথ কেন্দ্র ও রাজ্যের সমন্বিত উদ্যোগের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন|

***************************

**BJP-President:**

প্রাক্তন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্যের কাছ থেকে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ করলেন নবনিযুক্ত প্রদেশ সভাপতি অভিষেক দেবরায়। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অনুষ্ঠানের শুরুতে

প্রাক্তন সভাপতি রাজীব ভট্টাচার্য নবনিযুক্ত সভাপতিকে শুভেচ্ছা জানান এবং দলের সাংগঠনিক কাজকে আরও শক্তিশালী করার আহ্বান জানান। নতুন দায়িত্ব গ্রহণের পর অভিষেক দেবরায় বলেন, দলের আদর্শকে সামনে রেখে সাধারণ মানুষের স্বার্থে কাজ করাই তাঁর প্রধান লক্ষ্য।

****************************

**NEET-UG:**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেছেন, নীটের প্রশ্নপত্র ফাঁসের ঘটনাটি অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং এটি হওয়া উচিত হয়নি। ডিডি নিউজ-কে দেওয়া এক একান্ত সাক্ষাৎকারে, শ্রী প্রধান আশ্বাস দিয়েছেন যে, পুনর্পরীক্ষা প্রক্রিয়াটি কোনো রকম ত্রুটি ছাড়াই অত্যন্ত নিখুঁত এবং নিয়মতান্ত্রিকভাবে পরিচালনা করা হবে। এই কাজটি যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়, তার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেছেন।

****************************

**NEET UG Exam:**

উচ্চ শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন সারা দেশের সঙ্গে রাজ্যেও আগামী ২১ জুন নিট (ইউজি) পরীক্ষা গ্রহনের জন্য  সমস্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে৷ পরীক্ষাটি যাতে সুষ্ঠু, নিরাপদ, স্বচ্ছ ও নিরপেক্ষভাবে সম্পন্ন হয়, সেজন্য জাতীয় পরীক্ষা সংস্থা (এনটিএ), জেলা প্রশাসন, ত্রিপুরা পুলিশ এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সঙ্গে সমন্বয় রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে৷

তিনি জানান, রাজ্যে মোট দশটি কেন্দ্রে এই পরীক্ষা হবে, এরমধ্যে পশ্চিম ত্রিপুরা জেলায় নয়টি এবং ধলাই জেলায় একটি সেন্টার রয়েছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৪,৭০০ জন। তিনি আরও জানান, প্রতিটি কেন্দ্রে পুলিশ

মোতায়েন, বহুস্তরীয় তল্লাশি, সিসিটিভি নজরদারি, এনটিএ-নিযুক্ত পর্যবেক্ষক ও ফ্লাইং স্কোয়াডের তদারকি, জ্যামার স্থাপন এবং গোপনীয় পরীক্ষা সামগ্রী নিরাপদে পরিবহন ও সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

****************************

**Khowai- District Hospital:**

খোয়াই জেলা হাসপাতালের বহির্বিভাগে আজ থেকে চালু হয়েছে এইচআইভি আক্রান্ত রোগীদের গুরুত্বপূর্ণ চিকিৎসা পদ্ধতি অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি। এই চিকিৎসা পরিষেবার সূচনা করেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**Tech Saksham:**

মুখ্যসচিব জে. কে সিনহা বলেছেন, রাজ্য প্রশাসনের বিভিন্ন ক্ষেত্রে ডিজিটাইজেশন করার ফলে সময় সাশ্রয়ের পাশাপাশি সরকারি কাজকর্মে স্বচ্ছতা আরও বৃদ্ধি পেয়েছে। ডিজিট্যাল প্রশাসন ক্ষমতায়ণের লক্ষ্যে আজ প্রজ্ঞাভবনে 'টেক সক্ষম' শীর্ষক কর্মশালায় তিনি একথা বলেন| কেন্দ্রীয় সরকারের ইলেক্ট্রনিক্স এন্ড ইনফরমেশন টেকনোলজি মন্ত্রণালয়ের অধীন এন.আই.সি.এস.আই-র উদ্যোগে এবং রাজ্য সরকারের সহযোগিতায় আয়োজিত এই কর্মশালায় তিনি আরও বলেন, রাজ্য সরকার ডিজিট্যাল প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে নানা উদ্যোগ গ্রহণ করেছে। ইতিমধ্যেই রাজ্য প্রশাসনের বিভিন্ন ক্ষেত্রে ডিজিটাইজেশন করা হয়েছে। বর্তমানে রাজ্যে ক্যাবিনেট থেকে শুরু করে গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত ই-গভর্নেন্স ব্যবস্থা চালু রয়েছে। ডিজিটাইজেশনের এই উন্নতির ক্ষেত্রে এন.আই.সি, এন.আই.সি.এস.আই বা নিকসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মুখ্যসচিব বলেন, রাজ্য সরকার ডিজিট্যাল প্রশাসন গড়ে তুলতে রাজ্যস্তরের পাশাপাশি জেলা ও মহকুমা স্তরের বিভিন্ন সরকারি অফিসে ই-অফিস চালু করেছে। পাশাপাশি, বিদ্যুৎ ক্ষেত্রে ই-বিলিং, স্বাস্থ্য ক্ষেত্রে ই-হাসপাতাল চালু করা সম্ভব হয়েছে। ডিজিট্যাল পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে ত্রিপুরা উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে একটা ভাল অবস্থানে রয়েছে। টেক সক্ষম ডিজিট্যাল এই পরিষেবার মাধ্যমে বিভিন্ন দপ্তরে কর্মদক্ষতা আরও বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। বক্তব্য রাখেন নিকসি'র ম্যানেজিং ডিরেক্টর অলক তিওয়ারি, এনআইটি' আগরতলার ডিরেক্টর এস কে পাত্রা, বন দপ্তরের মুখ্য প্রধান বন সংরক্ষক আর কে সামল, টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির উপাচার্য রতন কুমার সাহা | আজকের এই কর্মশালায় সাইবার নিরাপত্তা, এ আই, ই ক্লাউড ইত্যাদি বিষয়ে বিশেষজ্ঞগণ বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে নিকসি-র সঙ্গে এনআইটি-আগরতলা এবং টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির মধ্যে মৌ স্বাক্ষরিত

হয়।

****************************

**HIGHER EDUCATION:**

২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য রাজ্যের ২৯টি সরকারি ডিগ্রি কলেজে অনলাইনে স্নাতক স্তরের ভর্তি প্রক্রিয়া আজ থেকে শুরু হয়েছে। চলবে আগামী ৭ই জুন রাত বারোটা পর্যন্ত ।আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা। তিনি জানান, সামর্থ পোর্টালের মাধ্যমে চলবে এই ভর্তি প্রক্রিয়া। প্রথম মেধা তালিকা প্রকাশ করা হবে ১৯ জুন। প্রথম দফার ভর্তি চলবে ২২ ও ২৩ জুন। পরবর্তী দফাগুলিতে শূন্য আসনের ভিত্তিতে ভর্তি সম্পন্ন হবে এবং চতুর্থ ও শেষ দফার ভর্তি অনুষ্ঠিত হবে ৪ থেকে ৬ জুলাই।

****************************

**Minister Kishor Barman:**

সোনামুড়া টাউন হলে আজ এক অনুষ্ঠানে সিপাহীজলা জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের কৃতি ছাত্রছাত্রীদের সম্বর্ধনা প্রদান করা হয়| সিপাহীজলা জেলা প্রশাসন, জিলা পরিষদ ও জেলা শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন, জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ।

****************************

**MGN-REGA:**

এমজিএন রেগা প্রকল্পে পশ্চিম জেলার ৯টি ব্লক এলাকায় গত অর্থ বছরে ৩৭ লক্ষ ৬৬ হাজার শ্রমদিবসের কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এরমধ্যে জেলায় ২৮ লক্ষ ৬৩ হাজার শ্রমদিবসের কর্মসংস্থান

সৃষ্টি হয়েছে। তাছাড়া, মুখ্যমন্ত্রী রাবার মিশনের অধীনে পশ্চিম জেলায় ৯১৭ দশমিক ১ হেক্টর জমিতে রাবার বাগান করা হয়েছে। পশ্চিম জেলা এম জি এন রেগা বিভাগ থেকে এ সংবাদ জানানো হয়েছে।

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন আজ রাত ১১.৪৫ মিনিট পর্যন্ত খোলা থাকবে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.১ ডিগ্রি সেলসিয়াস।

***************************

***************************